দৈনিক সংবাদ

তারিখ MAR. 7 1999
পৃষ্ঠা ৫ কলাম ৫

### পাবনায় কমিউনিটি স্কুল প্রকল্প

# অডিও ভিজুয়াল সিস্টেম অচল পুরো টাকাই গচ্চা যাচ্ছে

বেড়া (পাবনা)

নিজস্ব সংবাদদাতা কমিউনিস্ট স্কুল প্রকল্পের আওতায় পাবনা জেলার ২২টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় ৩৩ লাখ টাকা ব্যয়ে স্থাপিত অডিও ভিজুয়াল সিস্টেম অচল হয়ে পড়ায় কর্মসূচির পুরো অর্থই গচ্চা যেতে বসেছে।

কর্তৃপক্ষের অবহেলার কারণে অডিও ভিজুয়াল সেটগুলো ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। ৩টি বিদ্যালয়ে সেটের মূল্যবান যন্ত্রাংশ চুরি হয়ে গেছে। দূরশিক্ষণ ব্যবস্থাকে কাজে লাগানো এবং বিদ্যালয়ের অভ্যন্তরে পাঠদান পদ্ধতিকে আকর্ষণীয় ও যুগোপযোগী করার লক্ষ্যে পাবনায় ৯টি থানার মধ্যে সদর থানায় ৪টি, ঈশ্বরদী থানায় ৪টি এবং বেড়া, সুজানগর সাঁথিয়া, ফরিদপুর, আটঘড়িয়া, চাটমোহর ও ভাঙ্গুড়া থানায় ২টি করে এ জাতীয় সেট দেয়া হয়।

উল্লেখ্য, এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় ১৯৮১-'৮২ অর্থবছরে কমিউনিটি স্কুল প্রকল্পের কাজ হাতে নেয়া হয়।

স্কুল চলাকালে বাংলাদেশ বেতার থেকে সম্প্রচারকৃত শিক্ষামূলক অনুষ্ঠান ধারণ করে পরে সুবিধাজনক সময়ে তা ছাত্রছাত্রীদের মধ্যে প্রচার করাই ছিল এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য। এই পদ্ধতিতে শিক্ষকবৃন্দ স্কুল চলাকালে শ্রেণীকক্ষে একই সাথে যেকোন তথ্য পৌঁছে দেবারও সুযোগ পেতেন।

দূরশিক্ষণ পদ্ধতিকে কাজে লাগানোর জন্য স্কুলগুলোর বিজ্ঞান শিক্ষকবৃন্দকেও প্রশিক্ষণ দেয়া হয়।

সংশ্লিষ্ট একটি সূত্র থেকে জানা গেছে, অডিও ভিজুয়াল সেটগুলো সম্পর্কে গত বছর একটি মূল্যায়ন মিশন তদন্তশেষে যে রিপোর্ট কর্তৃপক্ষের কাছে পেশ করে, তাতে বলা হয়, অধিকাংশ বিদ্যালয়ে অডিও সেটগুলো ব্যবহার করা হচ্ছে না অথবা সেগুলো নষ্ট হয়ে গেছে। অনেক বিদ্যালয় থেকে সিস্টেম সংশ্লিষ্ট যন্ত্রপাতি হারিয়ে গেছে। কোন কোন ক্ষেত্রে ব্যক্তিগতভাবেও এগুলো ব্যবহার করা হচ্ছে। বেশ কয়েকটি উচ্চ বিদ্যালয়ের অডিও সেটের মূল্যবান যন্ত্রাংশ চুরি হয়ে গেছে। চুরি যাওয়া সেটগুলোর ব্যাপারে থানায় মামলা দায়ের এবং চোরাইমাল বিক্রির সময় হাতেনাতে ধরা পড়লেও দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

কর্তৃপক্ষের উদাসীনতা ও অবহেলার কারণে বিদ্যালয়গুলোতে দেয়া অডিও পদ্ধতি কর্মসূচি ব্যর্থ হয়ে গেছে। গচ্চা গেছে লাখ লাখ টাকা।